# কোটচাঁদপুর উপজেলা বিত্তহীন কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
রেজি নং-০৯/৯৩,তারিখঃ ১২/০৯/১৯৯৩ খ্রিঃ
কোটচাঁদপুর, ঝিনাইদহ।

## নির্বাচনী তফসিল

এতদ্বারা কোটচাঁদপুর উপজেলা বিত্তহীন কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ কোটচাঁদপুর, ঝিনাইদহ এর সকল সদস্য/সদস্যা সমিতি ও সংশ্লিষ্ট অন্যান্যদের অবগিতর জন্য জানানো যাচ্ছে যে, অত্র সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫ উপলক্ষ্যে ব্যবস্থাপনা কমিটির বিগত ০২.০২.২০২৫ খ্রিঃ তারিখের সিদ্ধান্তের প্রেক্ষিতে বিশেষ সাধারন সভার মাধ্যমে আগামী ১০/০৪/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার ইউসিসিএ এর প্রশিক্ষণ হলে (পল্লী ভবন,বিআরডিবি) সকাল ১০.০০ ঘটিকা হতে বিরতিহীন ভাবে বিকাল ২.৩০ ঘটিকা পর্যন্ত নির্বাচনী ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

উক্ত নির্বাচনের মাধ্যমে কোটচাঁদপুর উপজেলা বিত্তহীন কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ কোটচাঁদপুর, ঝিনাইদহ এর সমগ্র নির্বাচনী এলাকা হতে সংশ্লিষ্ট সদস্য/ সদস্যা সমিতি সমূহের প্রতিনিধির প্রত্যক্ষ ভোটে ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি নির্বাচিত হইবেন এবং ০৬ (ছয়) টি নির্বাচনী এলাকা হতে ০৬ (ছয়) জন সদস্য (প্রতিটি নির্বাচনী এলাকা হতে একজন করে) সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার সদস্য/ সদস্যা সমিতির ভোটে নির্বাচিত হইবেন। উক্ত নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করতে ইচ্ছুক প্রার্থীগণ কোটচাঁদপুর উপজেলা বিত্তহীন কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ কোটচাঁদপুর, ঝিনাইদহ এর ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ধার্যকৃত নগদ মূল্যে অফিস চলাকালীন সময়ে মনোনয়ন পত্রের ফরম (নির্বাচন কমিটির সভাপতি কর্তৃক অণুস্বাক্ষরিত) নির্বাচন কমিটি কর্তৃক ঘোষিত তফশীল মোতাবেক সংগ্রহ করতে পারবেন। এতদ্বব্যতীত নির্বাচন সংক্রান্ত যে কোন তথ্যাদি নির্বাচন কমিটির নিকট থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

নির্বাচন কমিটির ০৩.০৩.২৫ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন/০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ১৮(২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৭ বিধি অনুযায়ী কোটচাঁদপুর উপজেলা বিত্তহীন কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ কোটচাঁদপুর, ঝিনাইদহ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫ আগামী ১০/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরূপ তফশীল ঘোষণা করা হল।

নির্বাচনী তফশীল- ২০২৫

| ক্র.নং | কর্মসূচী | তারিখ | সময় | স্থান | কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ০১. | মনোনয়ন পত্র প্রাপ্তি/বিতরণ | ১০.০৩.২৫ হতে ১১.০৩.২৫ পর্যন্ত | ১০ টা হতে ০১ টা পর্যন্ত | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ০২. | মনোনয়ন পত্র দাখিল | ১৩.০৩.২৫ খ্রিঃ | ১০ টা হতে ০১ টা পর্যন্ত | " | " |
| ০৩. | মনোনয়ন পত্র বাছাই ও বাছাই শেষে প্রাথমিক খসড়া তালিকা | ১৬.০৩.২৫ খ্রিঃ | ১২.০০ ঘটিকা | " | " |
| ০৪. | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভূক্ত কিংবা বাতিলকৃত কোন প্রার্থীর মনোনয়ন পত্র বিষয়ে আপিল আবেদন (সমবায় সমিতি বিধিমালা,০৪ এর ২৯ বিধি মতে)। | ১৬.০৩.২৫ হতে ১৭.০৩.২৫ পর্যন্ত (দুই কর্মদিবস) | অফিস চলাকালে | বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা | যুগ্ম-নিবন্ধক বিভাগীয় সমবায় দপ্তর, খুলনা |
| ০৫. | আপিল আবেদনের উপর শুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান | ১৮.০৩.২৫<br>১৯.০৩.২৫<br>২০.০৩.২৫<br>(তিন কর্মদিবস) | " | " | " |
| ০৬. | বৈধ ও বাতিলকৃত প্রার্থির চুড়ান্ত তালিকা প্রকাশ | ২৪.০৩.২৫ | দুপুর ১.০০ টা | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ০৭. | প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ | ২৫.০৩.২৫ | ১০.০০ টা হতে ২.০০ টা পর্যন্ত | " | " |
| ০৮. | চুড়ান্ত প্রার্থির তালিকা প্রকাশ ও প্রতীক বরাদ্দ | ০৬.০৪.২৫ | ১২.০০ ঘটিকা | " | " |
| ০৯. | নির্বাচনী ভোট গ্রহণ | ১০.০৪.২৫ | ১০.০০ টা হতে ০২.৩০ টা পর্যন্ত | " | " |
| ১০. | ভোট গননা ও নির্বাচনের ফলাফল ঘোষনা | ১০.০৪.২৫ | ভোট গননা শেষে | " | " |

শর্তাবলী ঃ

০১. প্রার্থীকে অবশ্যই সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধীত-২০০২ এবং ২০১৩) এর ১৯ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ বিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

চলমান পাতা- ০২

০২. প্রার্থীকে প্রতিনিধিত্বকারী প্রাথমিক সমিতিতে অব্যাহতভাবে তিন বছর সদস্য থাকতে হবে এবং এই তিন বছরে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার কমপক্ষে দুটি সভায় অবশ্যই উপস্থিত থাকতে হবে।

০৩. প্রার্থীকে নিজের যাবতীয় দেনার (কোন সমবায় সমিতি বা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের) আদায়যোগ্য ঋণ/অগ্রীম/হস্তে মজুদ তহবিল এর ১০০% এবং প্রতিনিধিত্বকারী সমিতির খেলাপী ঋণের ৭৫% মনোনয়ন পত্র দাখিলের পূর্বাহ্নে পরিশোধ থাকতে হবে।

০৪. প্রার্থী আদালত কর্তৃক দুই বৎসর বা ততোধিক মেয়াদের কারাদন্ডে দান্ডিত হয়ে পাঁচ বৎসর অতিবাহিত না হলে এবং আদালত কর্তৃক দেউলিয়া কিংবা বিকৃত মস্তিস্কের ঘোষণা করা হলে তিনি প্রতিদ্বন্দীতা করতে পারবেন না।

০৫. একই ব্যক্তি/সদস্য একাধিক পদে কিংবা নিজ এলাকার বহির্ভূত নির্বাচনী এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির পরিচালক পদে প্রতিদ্বন্দ্বীতা করতে পারবেন না।

০৬. ব্যবস্থাপনা কমিটির নির্বাচিত সদস্য হিসাবে একাধিকক্রমে তিনটি মেয়াদ পূর্ণ করেছেন এমন কোন ব্যক্তি/সদস্য সমিতি উক্ত মেয়াদের অব্যবহিত পরবর্তি একটি মেয়াদে নির্বাচনের প্রার্থী হইবার যোগ্য হইবেন না।

০৭. অত্র নির্বাচনে ভোট প্রদান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সহ-সভাপতি ও সদস্য পদে প্রতিদ্বন্দ্বীতা করার জন্য সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিনিধিদের ক্ষমতা প্রদান করতে হবে। উক্ত ক্ষমতা প্রদান বিষয়ে ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের অনুলিপি, প্রতিনিধির পাসপোর্ট সাইজের ছবি সভাপতি কর্তৃক সত্যায়িত এবং সদস্যের পরিচয়ত্রের ফরম যা সভাপতি কর্তৃক স্বাক্ষরিত ও সংশ্লিষ্ট উপজেলা/জেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। উক্ত সভার সিদ্ধান্তের অনুলিপি ও পরিচয় পত্রের ফরম প্রার্থীদের জন্য মনোনয়নপত্র গ্রহণের সময় এবং ভোটারদের জন্য ভোট প্রদানের সময় সঙ্গে আনতে হবে।

০৮. অসম্পূর্ণ, ঘষামাজা, ফ্লুইড দেওয়া, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ মোতাবেক অযোগ্য প্রার্থির মনোনয়ন পত্র বাতিল বলে গন্য হবে।

০৯. অবসায়নে ন্যস্ত কিংবা নিবন্ধন বাতিলকৃত সমবায় সমিতির কোন ব্যক্তি/প্রতিনিধি নির্বাচনে অংশগ্রহণ বা ভোট প্রদান করতে পারবেন না।

১০. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতির বিধিমালা, ২০০৪ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুসরণ করে নির্বাচন কার্যক্রম পরিচালিত হবে।

১১. নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১২. নির্বাচনের প্রতীক সমূহ ঃ

| | | |
|---|---|---|
| ক) সভাপতি | ঃ | চেয়ার, ছাতা, আনারস, হাঁস, বাইসাইকেল। |
| খ) সহ-সভাপতি | ঃ | আম, বই, তলোয়ার, হরিণ, কুড়াল। |
| গ) সদস্য | ঃ | তালাচাবি, মই, মাছ, চাকা, দোয়াত কলম, মোরগ, হাতপাখা। |

মনোনয়ন পত্রের মূল্য ঃ

| | | |
|---|---|---|
| ক) সভাপতি পদের জন্য | ঃ | ১২০০/- |
| খ) সহ-সভাপতি পদের জন্য | ঃ | ৫০০/- |
| গ) সদস্য পদের জন্য | ঃ | ২০০/- |

মোঃ মাসুদ পারভেজ
সদস্য
নির্বাচন পরিচালনা কমিটি
কোটচাঁদপুর ইউবিসিসি এ লিঃ,
ও
হিসাবরক্ষক
কোটচাঁদপুর ইউবিসিসি এ লিঃ,
কোটচাঁদপুর, ঝিনাইদহ।

( মোছাঃ তহমিনা আকতার)
সদস্য
নির্বাচন পরিচালনা কমিটি
কোটচাঁদপুর ইউবিসিসি এ লিঃ,
ও
সহকারি পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
কোটচাঁদপুর,ঝিনাইদহ।

(মোঃ মজিবর রহমান)
সভাপতি
নির্বাচন পরিচালনা কমিটি
কোটচাঁদপুর ইউবিসিসি এ লিঃ,
ও
উপজেলা সমবায় অফিসার
কোটচাঁদপুর,ঝিনাইদহ।

স্মারক নং- ৪৭.৬২.৪৪৪২.১০০.০৬.০৪৮.২৫.৬৬

তারিখ ঃ ০৩/০৩/২০২৫খ্রিঃ।

**অনুলিপি, সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ**

০১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৩। জেলা সমবায় অফিসার, ঝিনাইদহ।
০৪। উপজেলা সমবায় অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৫। সংশ্লিষ্ট নথি।

সভাপতি
নির্বাচন পরিচালনা কমিটি
কোটচাঁদপুর ইউবিসিসি এ লিঃ,
ও
উপজেলা সমবায় অফিসার
কোটচাঁদপুর, ঝিনাইদহ।